



**বাংলাদেশ কৃষি ব্যাংক**  
**মানিলভারিং, সন্তাসে অর্থায়ন প্রতিরোধ ও**  
**বুকি ব্যবস্থাপনা বিভাগ**  
**প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন**  
**৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা**

গণমানুষের ব্যাংক  
[dcamlco@krishibank.org.bd](mailto:dcamlco@krishibank.org.bd)  
 Phone: ০২২২৩০৮৪৪৮৬

নং-প্রকা/এএমএল-আরএমডি-৪/ অংশ-৯/২০২৩-২০২৪/ ২৭৭৩

তারিখ: ১৭-০১-২০২৪

- ০১। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
  - ০২। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
- বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়:** বাংলাদেশ কৃষি ব্যাংকের মানিলভারিং প্রতিরোধ বিষয়ক কেন্দ্রীয় পরিপালন কমিটি (CCC) এর সিদ্ধান্ত বাস্তবায়ন  
প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয় এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ০১। বিকেবি'র মানিলভারিং ও সন্তাসে অর্থায়ন প্রতিরোধ ম্যানুয়েল-২০১৮ এর অনুচ্ছেদ নং ৪.৩ অনুযায়ী অত্র ব্যাংকের মানিলভারিং ও সন্তাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম তদারকির জন্য মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক পর্যায়ে নিম্নোক্তভাবে আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি বিদ্যমান রয়েছে।

ক্র.নং	পদবী	কমিটিতে পদবী
০১.	আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক	সভাপতি (RAMLCO)
০২.	আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা	সদস্য
০৩.	আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক কার্যালয়ের সংশ্লিষ্ট ১ (এক)জন কর্মকর্তা	সদস্য-সচিব

- ০৩। মানিলভারিং ও সন্তাসে অর্থায়ন প্রতিরোধ ম্যানুয়েল-২০১৮ এর পরিচ্ছেদ-১০ মোতাবেক উক্ত কমিটির দায়িত্ব নিম্নরূপঃ


“পরিবীক্ষণ কমিটি প্রতি ০৩ (তিনি) মাস অন্তর অঞ্চলাধীন শাখাসমূহের ন্যূনতম ০৩ (তিনি) টি শাখা পরিদর্শনপূর্বক মানিলভারিং প্রতিরোধ সংক্রান্ত আইন, বাংলাদেশ ব্যাংক ও প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় পরিপালন কমিটি (CCC) এর বিভিন্ন নির্দেশনা পরিপালন/বাস্তবায়ন সংক্রান্ত নির্ধারিত ছকে উল্লিখিত বিষয়াবলীর উপর সরেজমিনে পর্যবেক্ষণ/যাচাই করে প্রতিবেদন প্রস্তুত করতঃ একটি ত্রৈমাসিক প্রতিবেদন (পরিদর্শনকৃত প্রতিটি শাখার আলাদা প্রতিবেদন) পরবর্তী মাসের ২০ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় পরিপালন কমিটি (CCC) তে প্রেরণ করবে।”

- ০৪। উল্লিখিত পরিবীক্ষণ কমিটি ও তার কার্যাবলী পর্যালোচনাপূর্বক ব্যাংকের কেন্দ্রীয় পরিপালন কমিটি (CCC) এর ২০২৩-২৪ অর্থবছরের ১ম ত্রৈমাসিক সভার মানিলভারিং ও সন্তাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক সিদ্ধান্ত নিম্নরূপঃ

“বিকেবি মানিলভারিং ও সন্তাসে অর্থায়ন প্রতিরোধ ম্যানুয়েল-২০১৮ এর অনুচ্ছেদ নং ৪.৩ ও পরিচ্ছেদ-১০ মোতাবেক মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক পর্যায়ে গঠিত আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি কর্তৃক AML/CFT পরিপালন কার্যক্রম জোরদার করতে হবে।”

- ০৫। উল্লেখ্য, ব্যাংকের ৭৬০তম পর্যন্ত সভার আলোকে সকল আঞ্চলিক পরিবীক্ষণ কমিটিকে অঞ্চলাধীন শাখাসমূহের মানিলভারিং ও সন্তাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক কার্যক্রম সঠিকভাবে পর্যবেক্ষণ করছে মর্মে একটি প্রত্যয়ন পত্র প্রধান কার্যালয়ের মানিলভারিং, সন্তাসে অর্থায়ন প্রতিরোধ ও বুকি ব্যবস্থাপনা বিভাগ বরাবর প্রেরণ করতে হয়। সে মোতাবেক অত্র বিভাগ হতে বিভিন্ন সময়ে একাধিক পত্রের মাধ্যমে বিষয়টি আপনাদের অবহিত করা হয়। কিন্তু অধিকাংশ আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি কর্তৃক শাখা পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদন ও এতদ্সংশ্লিষ্ট প্রত্যয়ন পত্র প্রেরণ করা হ্যানি যা দুঃখজনক।

০৬। এমতাবস্থায়, ব্যাংকের সকল আঞ্চলিক পরিবীক্ষণ কমিটিকে ডিসেম্বর-২০২৩ ভিত্তিক AML/CFT বিষয়ক শাখা পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদন (নির্ধারিত ছক সংযুক্ত) ও এতদ্সংশ্লিষ্ট প্রত্যয়ন পত্র আগামী ৩১/০১/২০২৪ এর মধ্যে প্রধান কার্যালয়ের মানিলভারিং, সন্তানে অর্থায়ন প্রতিরোধ ও বুকি ব্যবস্থাপনা বিভাগ বরাবর (ইমেইল এর মাধ্যমে) প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

আপনার বিশ্বস্ত,  
  
(এফ এম এ রহিম) ২৭/০১/২০২৪  
উপমহাব্যবস্থাপক

ও

উপপ্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা  
(DCAMLCO)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ) ও প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৪. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা।
৫. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬. সকল সদস্য, কেন্দ্রীয় পরিপালন কমিটি, বিকেবি, প্রকা, ঢাকা।
৭. সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮. নথি/মহানথি।

## পরিচ্ছেদ-১০.০০

**শাখা মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তাদের কাজ তদারকীকরণ প্রসংগে আঞ্চলিক পরীবিক্ষণ কমিটির কাজ।**

মানিলভারিং প্রতিরোধ আইন, ২০০২, ২০০৯ ও ২০১২ তদন্তে প্রদত্ত বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা সুষ্ঠুভাবে বাস্তবায়ন এবং মানি লভারিং প্রতিরোধ ও সম্ভাসে অর্থায়ন প্রতিরোধে সংশ্লিষ্ট সকলকে অধিকতর মনযোগী হওয়ার লক্ষ্যে শাখা মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তাদের উপর অর্পিত দায়িত্বসহ সংশ্লিষ্ট সকলের দায়িত্ব যথাযথভাবে পরিপলিত হচ্ছে কিনা তা তদারকীর সুবিধার্থে আঞ্চলিক পর্যায়ে নিম্নরূপভাবে ৩(তিনি) সদস্য বিশিষ্ট একটি পরিবীক্ষণ কমিটি গঠন করা হলো :

পরিবীক্ষণ কমিটি :

- ০১ | মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক : সভাপতি
- ০২ | আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা : সদস্য
- ০৩ | মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা : সদস্য সচিব

পরিবীক্ষণ কমিটি প্রতি ৩(তিনি) মাস অন্তর অঞ্চলাধীন শাখাসমূহের ন্যূনতম ৩(তিনি) টি শাখা পরিদর্শনপূর্বক মানি লভারিং প্রতিরোধ সংক্রান্ত আইন, বাংলাদেশ ব্যাংক ও প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় পরিপালন কমিটি (CCC) এর বিভিন্ন নির্দেশনা পরিপালন/বাস্তবায়ন সংক্রান্ত ছক-“ক”তে উল্লেখিত বিষয়াবলীর উপর সরেজমিনে পর্যবেক্ষণ/যাচাই করে প্রতিবেদন প্রস্তুত করাতঃ একটি ত্রৈমাসিক প্রতিবেদন (পরিদর্শনকৃত প্রতিটি শাখার আলাদা প্রতিবেদন) পরবর্তী মাসের ২০ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় পরিপালন কমিটিতে প্রেরণ করবে।

শাখা পর্যায়ে মানিলভারিং প্রতিরোধ আইন এর বিধানাবলী এবং তদন্তে প্রদত্ত নির্দেশনা পরিপালন বিষয়ক প্রতিবেদন।

ছক-ক

ক্রমিক নং	শাখা পর্যায়ে মানিলভারিং প্রতিরোধ বিষয়ক নিম্নোক্ত ফাইল যথাযথভাবে সংরক্ষিত হচ্ছে কিনা-	কমিটির মতামত
(১) নথি/রেকর্ড সংরক্ষণ	অত্র ম্যানুয়েল এর ৭.০৪ (খ) অনুযায়ী শাখায় AML ও CFT সংক্রান্ত ১৩টি নথি বা ফাইল সংরক্ষণ	
(২) হিসাব খোলা সংক্রান্ত	(ক) শাখা কর্তৃক যথাযথভাবে অভিন্ন হিসাব খোলার ফরম/KYC/TP/KYC Profile form ব্যবহার। (খ) গ্রাহকের ঠিকানা পরিবর্তন/লেনদেনের মাত্রা বৃদ্ধি/ব্যবসার প্রসার/পরিবর্তন ইত্যাদি ক্ষেত্রে বাস্তবতা/মৌলিকতার আলোকে শাখা কর্তৃক KYC/TP আপলোডকরণ। (গ) বুকি ভিত্তিতে গ্রাহকের শ্রেণীকরণ, উচ্চ বুকি সম্পত্তি হিসাবের জন্য আলাদা রেজিস্টারে তালিকা সংরক্ষণপূর্বক নিরিদৃষ্ট পর্যবেক্ষণ।	
(৩) নগদ লেনদেন (CTR) প্রতিবেদন সংক্রান্ত	১০.০০ লক্ষ ও তদূর্ধ টাকার নগদ লেনদেন হওয়া (একদিনে একই হিসাবে এক বা একাধিক নগদ জমার পরিমাণ ১০.০০ লক্ষ ও তদূর্ধ টাকা অথবা নগদ উত্তোলনের পরিমাণ ১০.০০ লক্ষ ও তদূর্ধ টাকা হলে) সকল হিসাবের CTR শাখা কর্তৃক প্রেরণ। (খ) যথাসময়ে এবং যথানিয়মে CTR এর সকল তথ্য পূরণপূর্বক সিটিআরকরণ (সূত্র নং প্রকা/শানিব্যটবি-১ (১১৯)/২০১৩-২০১৪/৮২৩(১২০০) তারিখ : ২০-১১-২০১৩ অনুসরণপূর্বক) (গ) অঞ্চলাধীন সকল শাখার সিটিআর প্রতিবেদন (CTR যোগ্য লেনদেন না থাকলেও শুন্য প্রতিবেদন প্রেরণ করে নথিতে সংরক্ষণ নিশ্চিত করতে হবে) কেন্দ্রীয় পরিপালন কমিটিতে প্রেরণ।	
(৪) অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন প্রতিবেদন (STR)	(ক) অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন সনাক্তকরণ বিষয়ে বুকি ব্যবস্থাপনা বিভাগের ২৮-০১-২০১৮ তারিখের পত্র নং- সূত্রনং প্রকা/ আরএমডি(৩০)/STR/ ২০১৭-২০১৮/১১৩৬(১২৫০) এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ বিষয়ক। (খ) CTR রিপোর্টিং এড়ানোর জন্য গ্রাহক কর্তৃক ১০.০০ লক্ষ ও তদনিম্ন সীমায় ইচ্ছাকৃতভাবে পূনঃ পূনঃ লেনদেন (Structuring) করণ বিষয়ে শাখার গৃহীত কার্যক্রম	
(৫) AMLবিষয় জ্ঞান/ প্রশিক্ষণ	শাখার নাম : মোট কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা : AML-বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা :	
(০৬) Self Assessment সংক্রান্ত	প্রতিটি শাখা কর্তৃক বিএফআইইউ সার্কুলার নং ১৯ এর বিভিন্ন নির্দেশনা পরিপালন ও এর ভিত্তিতে স্বনির্ধারণী (Self Assessment) পদ্ধতির মাধ্যমে নিজস্ব অবস্থান নির্ণয় প্রতিবেদন তৈরী এবং তা কেন্দ্রীয় পরিপালন কমিটিতে প্রেরণ করা হয়েছে কিনা? প্রতিবেদন প্রেরণ করে থাকলে আঞ্চলিক কার্যালয়ের প্রেরণের সূত্র নথর উল্লেখ করতে হবে। (আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে সকল শাখার Self Assessment প্রতিবেদন একসাথে কেন্দ্রীয় পরিপালন ইউনিটে প্রেরণের নির্দেশ রয়েছে)।	
(৭)Independent Testing Procedure প্রতিবেদন	(ক) আঞ্চলিক নিরীক্ষা কর্তৃক কর্তৃত শাখার নিরীক্ষা কাজ সম্পাদন করা হয়েছে এবং কর্তৃত শাখায় Independent Testing Procedure প্রতিবেদন কেন্দ্রীয় পরিপালন ইউনিটে প্রেরণ করা হয়েছে? (খ) Independent Testing Procedure সম্পর্কিত সর্বশেষ প্রতিবেদনে উল্লেখিত ক্ষেত্র অনুযায়ী রেটিং। (গ) রেটিং/মান কার্যক্রম পর্যায়ে না হলে রেটিং উন্নয়নে পরিবীক্ষণ কমিটির নির্দেশনা/সুপারিশ	
(৮) পরিবীক্ষণ কমিটির সার্বিক মন্তব্য	পরিদর্শিত শাখাসমূহের AML বিষয়ে কার্যক্রম বাস্তবায়ন পর্যালোচনাপূর্বক পরিবীক্ষণ কমিটির সার্বিক মন্তব্য	